General Certificate of Education
June 2006
Advanced Level Examination

**BENGALI** **BEN2**
**Unit 2 Culture and Society**

Monday 12 June 2006 1.30 pm to 4.30 pm

| **For this paper you must have:** |
| --- |
| • a 12-page answer book |

Time allowed: 3 hours

**Instructions**
- Use blue or black ink or ball-point pen.
- Write the information required on the front of your answer book.
- Answer **all** questions in Section 1 and **two** questions from Section 2.
- Please note that in Section 2 you are not allowed to answer both questions on the same topic.
- Answer in **Bengali**.
- Do all rough work in the answer book. Cross through any work you do not want marked.

**Information**
- The maximum mark for this paper is 100.
- The marks for questions are shown in brackets.
- You are reminded of the need for clear presentation.
- You must **not** use a dictionary at any time during this examination.
- This unit is divided into two sections:
  Section 1 – 20 marks
  Section 2 – 80 marks

**Advice for Section 2**
- You are strongly advised to write a plan before beginning each answer.
- To obtain high marks you must give details and facts and express your own opinions/draw your own conclusions. At all times you should explain and justify your answers.

# ক বিভাগ

নিচের লেখাটি পড়ে ১ নম্বর প্রশ্নের উত্তর দাও। উত্তর দেওয়ার সময় নিচের লেখা থেকে কোনো অংশ হুবহু নকল করবে না। পুরো বাক্যে উত্তর লেখার দরকার নেই, তবে উত্তরের জন্যে দরকারী তথ্য থাকতে হবে।

### হট কারি রিভেঞ্জ

ঈস্ট ইন্ডিয়া কম্পানি ভারতবর্ষে রাজত্ব স্থাপন করেছিলো ১৭৫৭ সালে। তারপর বঙ্গদেশ তথা ভারতবর্ষ ইংরেজদের অধীনে ছিলো ১৯০ বছর। বাংলাদেশের ওপর ইংরেজি সভ্যতার ব্যাপক প্রভাব পড়েছিলো এ সময়ে। ফলে বাঙালিদের ভাষা, সাহিত্য, শিক্ষা, সংস্কৃতি, পোশাক-আশাক, চিন্তাভাবনা ইত্যাদি নানা বিষয় কমবেশি বদলে যায়।

এখন বাঙালিরা যে-ভাষায় কথা বলেন, তার মধ্যে অনেক ইংরেজি শব্দ থাকে। দু হাজারেরও বেশি ইংরেজি শব্দ প্রতিদিনের বাংলা ভাষায় ঢুকে পড়েছ। যেমন, স্কুল, কলেজ, ইউনিভার্সিটি, লাইব্রেরি, পেপার, কোর্ট, অফিস, সিনেমা, থিয়েটার, রেডিও, টেলিভিশন, টেলিফোন, রেল, মোটর, লঞ্চ, স্টীমার, টিকিট, প্যান্ট, শার্ট, কোট, ব্লাউজ, বিস্কিট, কাপ, প্লেট, রেস্টুরেন্ট, চেয়ার, টেবিল, সোফা ইত্যাদি। বলতে গেলে এদের কোনো প্রতিশব্দ নেই। অশিক্ষিত লোকেরাও তাই এসব শব্দ ব্যবহার করেন। তার চেয়েও যা গুরুত্বপূর্ণ, তা হলো: অনেক সময় লোকে "সাহায্য করা" না-বলে বলেন হেল্প করা, "গাড়ি চালানো" না-বলে বলেন ডাইভ করা – অর্থাৎ ক্রিয়াপদও তৈরি করেছেন বাংলা আর ইংরেজি মিশিয়ে।

কিন্তু আশ্চর্যের বিষয় হলো: ইংরেজদের ওপর বাঙালিদেরও প্রভাব পড়েছে। আড়াই শো বছর আগে থেকে বাঙালিরা এ দেশে আসতে শুরু করলেও পঞ্চাশের দশক থেকে তাঁরা আসতে শুরু করেন হাজারে হাজারে। এ দেশে বাঙালিদের সংখ্যা এখন সাড়ে তিন লাখ। বিদেশ থেকে আসা যেসব সম্প্রদায় ব্রিটেনে স্থায়ীভাবে বাস করছে, তাদের মধ্যে শিক্ষা এবং টাকাপয়সার দিক দিয়ে বাঙালিরা বেশ পিছিয়ে আছেন। তা সত্ত্বেও গত পঞ্চাশ বছরে বাঙালিরা ইংরেজদের ওপর কম প্রভাব ফেলেননি।

ইংরেজদের ওপর বাঙালিদের সবচেয়ে বেশি প্রভাব লক্ষ্য করা যায় খাবারে। পঞ্চাশ বছর আগেও ইংরেজরা ভাত চিনতেন না। এখন ভাত খায় না, এমন ইংরেজ পরিবার বলতে গেলে নেই। কিভাবে এই প্রভাব পড়লো? আসলে, বাঙালিরা ১৯৫০-এর দশক থেকে রেস্টুরেন্ট খুলতে আরম্ভ করেন। এই রেস্টুরেন্টগুলো পরিচিত হয় ইন্ডিয়ান রেস্টুরেন্ট নামে। এখন ব্রিটেনে ষোলো হাজারেরও বেশি বাঙালিদের পরিচালিত ইন্ডিয়ান রেস্টুরেন্ট আছে। যাঁরা একবার এই রেস্টুরেন্টে ঝাল-মশলার রান্না খেয়েছেন, তাঁরা আর সে স্বাদ ভুলতে পারেননি। সে জন্যে ভাতের সঙ্গে কারিও ছড়িয়ে পড়েছে ঘরে ঘরে। আর ছড়িয়ে পড়েছে তান্দুরি চিকিন। এক দিন ইংরেজরা বাঙালিদের শাসন করেছিলেন, শোষণও করেছিলেন। কিন্তু বাঙালিরা তার শোধ নিয়েছেন ইংরেজ সমাজে ঝাল-মশলার খাবার আর ভাতের প্রবর্তন করে। ইংরেজিতে একটা কথা আছে সুইট রিভেঞ্জ – সোজা অনুবাদ করলে বলতে হয় – মিষ্টি প্রতিশোধ। কিন্তু বাঙালিরা ইংরেজ-শাসনের শোধ নিয়েছেন হট কারি রিভেঞ্জ দিয়ে।

| | | |
|---|---|---|
| ক. | বাঙালিদের ওপর ইংরেজদের প্রভাব কখন থেকে এবং কিভাবে পড়ছিলো? | ২ |
| খ. | বাঙালিদের ওপর ইংরেজদের প্রভাব কোথায় কোথায় পড়েছিলো? দুটি বিষয় লেখো। | ২ |
| গ. | বাংলাদেশের অনেক অশিক্ষিত লোকও ইংরেজি শব্দ ব্যবহার করেন কেন? | ১ |
| ঘ. | কোন শব্দের ব্যবহার ইংরেজির বেশি প্রভাব প্রমাণ করে? | ১ |
| ঙ. | কখন থেকে এবং কিসের মাধ্যমে ইংরেজদের ওপর বাঙালিদের প্রভাব পড়তে শুরু করে? | ২ |
| চ. | ব্রিটেনে বসবাসকারী অন্য সম্প্রদায়ের তুলনায় বাঙালিদের প্রভাব কেন বেশি গুরুত্বপূর্ণ? | ১ |
| ছ. | ইংরেজদের ওপর বাঙালিদের প্রভাবকে লেখক হট কারি রিভেঞ্জ বলছেন কেন? | ১ |

২. নিচের লেখাটি বাংলায় অনুবাদ করো: ১০

The earliest Bengalis to migrate to England were Bengali servants of English families. They were mostly *ayahs* or nannies. The first educated man from Bengal to visit this country was Mirza Abu Talib. He was an official of the Nawab of Murshidabad. On his return to Bengal from England, he published a book in 1799 on his experiences in England as well as in some other European countries. He was, however, not strictly a Bengali speaking person. The first true Bengali to visit England was Raja Rammohan Ray, who is now known as the father of modern India. He came to England in 1830 and died three years later in Bristol. It was forbidden at that time to cross the sea. Once Rammohan broke that tradition, an increasing number of Bengalis started to come over to England, particularly for higher education. Prominent among these Bengalis were Dwarkanath Tagore, Rabindranath's grandfather, Satyendranath Tagore, Rabindranath's elder brother, Michael Madhusudan Datta and Rabindranath himself.

**নিচের দুই বিভাগ থেকে যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও। ইচ্ছা করলে তুমি এক বিভাগ থেকেও দুটি প্রশ্নের উত্তর দিতে পারো। প্রতিটি উত্তর অন্তত ২৫০টি শব্দে লিখতে হবে।**
**প্রতিটি প্রশ্নের জন্যে ৪০ মার্ক। দুটি প্রশ্নের জন্যে মোট মার্ক ২X৪০ = ৮০**

## খ বিভাগ

(সাহিত্যের সঙ্গে যুক্ত নয়, এমন প্রসঙ্গ)

### বাংলাদেশের উদ্ভব

৩ (ক) ১৯৫২ সালের ফেব্রুয়ারি মাসে পূর্ব পাকিস্তানে যে-ভাষা আন্দোলন হয় এবং যার ফলে পাকিস্তানের ভিত্তিই দুর্বল হয়ে যায়, তার পটভূমি ব্যাখ্যা করো। ১৯৫২ সাল পর্যন্ত ধাপে ধাপে এই আন্দোলন কিভাবে দানা বাঁধে এবং প্রবল হয়ে ওঠে, তার বিবরণ দিয়ে একটি প্রবন্ধ রচনা করো।

***অথবা***

(খ) বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে ভারতের অবদান সম্পর্কে একটি তথ্যপূর্ণ প্রবন্ধ লেখো।

### বাংলা সিনেমা ও গান

৪. (ক) তোমার দেখা একটি বাংলা চলচ্চিত্র সম্পর্কে একটি প্রবন্ধ লেখো। প্রসঙ্গত এর কাহিনী এবং সামগ্রিকভাবে এই ছবির গুণাগুণ সম্পর্কে মন্তব্য করো।

***অথবা***

(খ) নজরুলগীতি অথবা বাংলা পল্লীগীতির পরিচয় দিয়ে একটি প্রবন্ধ লেখো। প্রসঙ্গত এ গান তোমার কেমন লাগে সে বিষয়ে তোমার মতামত দাও।

### ব্রিটেনে বাঙালি

৫. (ক) ব্রিটেনে বাঙালিদের সংখ্যা বাড়ছে। কিন্তু তার সঙ্গে সঙ্গতি রেখে এখানে বাংলা শেখার কতোটুকু ব্যবস্থা আছে? এ সম্পর্কে বিস্তারিত বিবরণসহ একটি প্রবন্ধ লেখো। তোমার মতে, এ ব্যবস্থা কতোটা গুরুত্বপূর্ণ?

***অথবা***

(খ) ব্রিটেনে প্রকাশিত বাংলা পত্রপত্রিকার পরিচয় দিয়ে একটি প্রবন্ধ লেখো।

# গ বিভাগ

(সাহিত্যবিষয়ক প্রসঙ্গ)

## বাংলাদেশ এবং পশ্চিম বাংলার উপন্যাস

৬. (ক) তোমার প্রিয় উপন্যাস-লেখক কে? তাঁর অন্তত দুটি উপন্যাসের পরিচয় দিয়ে তাঁর রচনার গুণাগুণ নিয়ে আলোচনা করো।

***অথবা***

(খ) তোমার পড়া দুটি বাংলা ছোটো গল্পের তুলনা করে একটি প্রবন্ধ লেখো।

## বাংলা কবিতা ও নাটক

৭. (ক) রবীন্দ্রনাথ ঠাকুর বাংলার বিখ্যাত কবি। তাঁর কয়েকটি কবিতা নিয়ে আলোচনা করে তাঁর কবিতা তোমার কেমন লাগে সে বিষয়ে মন্তব্য করো।

***অথবা***

(খ) ব্রিটেনে বসবাসকারী বাঙালিদের জীবনযাত্রা নিয়ে রচিত একটি বাংলা নাটকের পরিচয় দাও। এই নাটকের কোন দিকটা তোমার আকর্ষণীয় মনে হয়, সে সম্পর্কে তোমার মতামত দাও।

## বাংলা প্রবন্ধ সাহিত্য

৮. (ক) তোমার পড়া একটি প্রবন্ধের বই নিয়ে আলোচনা করো। এই বইয়ের প্রধান বিষয়বস্তু কি? এবং তা তোমার কেমন লেগেছে?

***অথবা***

(খ) তোমার প্রিয় প্রবন্ধ লেখক কে? তুমি তাঁর কোন কোন প্রবন্ধের বই পড়েছো? তাঁর রচনার কোন গুণটি অথবা কোন গুণগুলি তোমাকে আকৃষ্ট করে?

**END OF QUESTIONS**

Copyright © 2006 AQA and its licensors. All rights reserved.